

নতুন ধাৰাৰ দৈনিক

আমাদেশময়

৩৩ শিক্ষার্থীর ১১ শিক্ষক

প্রকাশ | ২৭ সেপ্টেম্বর ২০১৮, ০০:০০



জাহিদুল হক মনির, বিনাইগাতী

শেরপুরের বিনাইগাতী উপজেলার ধানশাহীল ইসলামিয়া দাখিল মাদ্রাসায় ৩৩ শিক্ষার্থীর জন্য রয়েছেন ১১ জন শিক্ষক। সম্প্রতি সরেজমিনে দেখা যায় মাদ্রাসাটির বিভিন্ন শ্রেণিকক্ষে ওই শিক্ষার্থী ছাড়া ইবতেদায়ি শাখার সব কয়টি কক্ষ তালাবদ্ধ রয়েছে। কিন্তু ওই মাদ্রাসার কাগজে কলমে ইবতেদায়িতে ১১৪ জন ও দাখিলে ১৪১ জন শিক্ষার্থী রয়েছে।

জানা যায়, ১৯৬৮ সালে প্রতিষ্ঠিত ওই মাদ্রাসা ট্রাস্ট পরিচালিত। এতে কর্মরত ১১ জন শিক্ষকই এমপিওভুক্ত। তাদের মধ্যে উপস্থিতি ছিলেন ১০ জন। এ ছাড়া ১ জন অফিস সহকারী, ১ জন আয়া, ১ জন নৈশপ্রহরী রয়েছেন। অভিযোগ আছে, শিক্ষকসহ অন্য কর্মচারীরা নিজেদের খেয়ালখুশিমতো আসেন, আবার হাজিরা খাতায় স্বাক্ষর করে চলে যান।

অভিভাবক ও শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে জানা গেছে, দীর্ঘদিন থেকে মাদ্রাসাটিতে বিভিন্ন অনিয়ম চলছে। প্রতিদিন সকাল আটটায় ক্লাস শুরু হয়ে বেলা একটা থেকে দেড়টার মধ্যে ছুটি হয়ে যায়। শিক্ষার্থী উপস্থিতি কম থাকার জন্য মাদ্রাসার শিক্ষকদের উদাসীনতাকেই দায়ী করেন তারা। তারা আরও জানান, শিক্ষার্থী উপস্থিতি কম হলেও শিক্ষকরা হাজিরা খাতায় প্রায়ই উপস্থিতি বেশি দেখান। নবম শ্রেণির শিক্ষার্থী মো. সুজন আলী বলেন, মাদ্রাসায় শিক্ষার্থী আসে না বললেই চলে। এলেও ঠিকমতো ক্লাস হয় না। মাদ্রাসার সুপার (ভারপ্রাপ্ত) আফরন্মাহার শিক্ষার্থী অনুপস্থিতির কথা স্বীকার করে বলেন, শিক্ষার্থীরা আসে না, পাশের প্রাথমিক বিদ্যালয়ে বিস্কুট দেওয়ায় এখানে তারা আসতে চায় না। কিন্তু পরীক্ষার সময় বাড়ি বাড়ি গিয়ে শিক্ষার্থী নিয়ে আসি।

মাদ্রাসা পরিচালনা পর্যন্তের সভাপতি ও হাজী অছি আমরনেসা বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. আবদুল হাকিম বলেন, মাদ্রাসায় শিক্ষার্থী উপস্থিতি বাড়নো ও সঠিকভাবে ক্লাস নেওয়ার ব্যাপারে ইতোমধ্যেই উদ্যোগ নেওয়া হয়েছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মোস্তফা কামাল বলেন, আমি ওই মাদ্রাসায় প্রায় ১ বছর যাবৎ শিক্ষার্থী উপস্থিতি বাড়নোর তাগিদ দিয়ে যাচ্ছি। কিন্তু কোনো উন্নতি লক্ষ করা যাচ্ছে না।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রংবেল মাহমুদ বলেন, এ বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com